

ক্ষমা করে দাও লিরিক্স:-

এসো আলোর পথে, এসো ন্যায়ের পথে,
এসো আল্লাহ তালার দেখানো পথে। (২)
এসো নত হও তার কাছে, তোলো দুই হাত।
পাপের কথা ভেবে, করো মন আজাদ।
হে আল্লাহ রহমান, ক্ষমা করে দাও মেহেরবান।
হে আল্লাহ রহমান, ক্ষমা করে দাও মেহেরবান।

কত মানুষের বুক দিয়েছি ব্যথা,
পাপ শুধু করেছি শোনি নি কথা।
নামাজ কে করেছি অবহেলা,
রমজানে করেছি ছলা কলা।
শোন ডাক শোন হে প্রভু,
পাপের দিকে আর নিও না কভু।
হে আল্লাহ রহমান, ক্ষমা করে দাও মেহেরবান।
হে আল্লাহ রহমান, ক্ষমা করে দাও মেহেরবান।

নামাজ রোজা কত হয়েছে কাজা,
কত পাপ করেছি দাও নি সাজা।
শুনি নি হাদীস, কভু পড়ি নি কুরান।
মসজিদে যাই নি শোনে আজান।
শোন ডাক শোন হে প্রভু,
পাপের দিকে আর নিও না কভু।
হে আল্লাহ রহমান, ক্ষমা করে দাও মেহেরবান।
হে আল্লাহ রহমান, ক্ষমা করে দাও মেহেরবান।

এসো আলোর পথে, এসো ন্যায়ের পথে,
এসো আল্লাহ তালার দেখানো পথে। (২)
এসো নত হও তার কাছে, তোলো দুই হাত।
পাপের কথা ভেবে, করো মন আজাদ।
হে আল্লাহ রহমান, ক্ষমা করে দাও মেহেরবান।
হে আল্লাহ রহমান, ক্ষমা করে দাও মেহেরবান।
ক্ষমা করে দাও মেহেরবান, ক্ষমা করে দাও মেহেরবান।